দৈনিক সংবাদ

তারিখ... 23 DEC. 1990 ...
পৃষ্ঠা... 2 ... কলাম... 6...

39

# পাঠ্যপুস্তকে ভুলভ্রান্তি নিরসনে গঠিত কমিটি বাতিল

পাঠ্যপুস্তকে ভাষাগত ভুল এবং তথ্যগত ভ্রান্তি নিরসনে গঠিত কমিটি বাতিল করা হয়েছে। বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত খবরের প্রেক্ষাপটে বিতর্ক সৃষ্টি হওয়ায় সরকার এ পদক্ষেপ গ্রহণ করেছে।

গতকাল এক সরকারী প্রেসনোটে বলা হয়ঃ দেশের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরে প্রচলিত পাঠ্যপুস্তকের সংশোধনী নিয়ে কোন

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## কমিটি বাতিল

( ১ম পাতার পর )

কোন পত্রপত্রিকায় প্রকাশিত খবরের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এসব খবরে প্রকৃত তথ্য ও সরকারের প্রকৃত দৃষ্টিভঙ্গি প্রতিফলিত না হওয়ায় জনমনে বিভ্রান্তি সৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে সরকার মনে করে। সংবাদপত্রে প্রকাশিত অভিযোগ তথ্যভিত্তিক নয়। এ বিষয়ে প্রকৃত তথ্য নিম্নরূপঃ

বর্তমান সরকার কোন পাঠ্যপুস্তকে 'আল্লাহর' নামের পরিবর্তে 'সৃষ্টিকর্তা' লেখার নির্দেশ দেয়নি অথবা সরকার পাঠ্যপুস্তক বা পাঠ্যক্রমে কোন মৌলিক পরিবর্তনের কথা ভাবছে না। প্রসঙ্গত উল্লেখ্য, সরকার পাঠ্যপুস্তক মুদ্রণ স্থগিত রাখার কোন নির্দেশ জারি করেনি। কিছু ভুল বোঝাবুঝির ফলে মুদ্রণের কাজ ২ দিন বন্ধ ছিল। পাঠ্যপুস্তক মুদ্রণের কাজ পুনরায় আরম্ভ হয়েছে এবং সরকার মনে করে এর ফলে ১৯৯১ শিক্ষা বর্ষের পাঠ্যপুস্তকের প্রকাশনা ও সরবরাহ বিলম্বিত হওয়ার কোন সম্ভাবনা নেই। পাঠ্যপুস্তকে ভাষাগত ভুল এবং তথ্যগত ভ্রান্তি নিরসনের মহৎ উদ্দেশ্য নিয়ে সরকার একটি কমিটি গঠন করে। কিন্তু এর ফলে বিতর্কের সৃষ্টি হওয়ায় সরকার এই কমিটি বাতিল করেছে।